# Bangladesh Securities and Exchange Commission

বিএসইসি/এনফোর্সমেন্ট/৩০৪৯/২০২১/১০৬৮

তারিখ: ডিসেম্বর ০৫, ২০২১

## আদেশ

যেহেতু, কমিশন, Trustee Securities Limited (DSE TREC No.162) এর আবেদনক্রমে উক্ত প্রতিষ্ঠানকে, নির্ধারিত শর্তাধীনে সিকিউরিটিজ ক্রয় বিক্রয় কর্মকান্ড পরিচালনা করার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ১০(১) এ প্রদত্ত ক্ষক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(৫) অনুযায়ী স্টক ব্রোকার/ডিলার নিবন্ধন সনদ প্রদান করেছে;

যেহেতু, কমিশন এর আদেশ নং BSEC/SRI/AFS/DSE/2019/604 তারিখ August 09, 2020 পরিপালনের লক্ষ্যে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড কর্তৃক Trustee Securities Limited এর জুন ৩০, ২০১৯ অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী পর্যবেক্ষণ কার্যক্রম পরিচালিত হয় এবং উক্ত পর্যবেক্ষণ কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী নিম্নরূপ সিকিউরিটিজ আইনের বিধি বিধান লঙ্ঘন পরিলক্ষিত হয় :

**Description of alleged violation of securities laws:**

Trustee Securities Limited had provided credit facility to cash clients to purchase shares as on June 30, 2019 which is shown below:

| Credit facilities to cash clients as on June 30, 2019 | Adjusted amount | Unadjusted amount |
|---|---|---|
| 9,862,602.00 | 5,062,990.00 | 4,799,612.00 |

**Whereas, as per Rule 3(1) and 3(2) of Margin Rules, 1999,** "A member may extend credit facilities to his approved client for securities transactions subject to the margin account requirements of these rules." and "Margin account arrangements must be evidenced in the form of a written agreement executed between the member and the client."

From the above description it appeared that the company has violated the following securities related rule:-

- **Rule 3(1) and 3(2) of Margin Rules, 1999;**

by providing credit facilities to clients in their cash accounts to purchase shares as on June 30, 2019.

যেহেতু, উপরোক্ত আইন ভঙ্গের জন্য কমিশন এর আদেশ নং No.BSEC/Enforcement/3049/2021/394 তারিখ June 13, 2021 এবং August 12, 2021 এর মাধ্যমে Trustee Securities Limited কে August 26, 2021 তারিখে শুনানিতে উপস্থিত হতে বলা হয়;

**Explanation of the alleged person submitted at the time of hearing:**

Trustee Securities Limited submitted their explanation vide letter dated August 24, 2021 in which stated among others the following:-

"যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক আপনার প্রেরিত পত্র নং- বিএসইসি/এনফোর্সমেন্ট/ ৩০৪৯/২০২১/ ৩৯৪ তারিখ: জুন ১৩,২০২১ইং এবং বিএসইসি/এনফোর্সমেন্ট/৩০৪৯/২০২১/৪৮৭ তারিখ: আগষ্ট ১২, ২০২১ইং এর জবাবে সবিনয় জানাইতেছি যে, আমরা ট্রাস্টি সিকিউরিটিজ লিঃ (টিআরইসি-১৬২) ৩০.০৬.২০১৯ইং তারিখের নিরীক্ষিত হিসাব বিবরণী নোট-৭ এ Receivable from client টাকা ৯৮,৬২,৬০২/= (Cash client এর Trade কার্যক্রম এর মাধ্যমে নেগেটিভ ব্যালেন্স) ছিল যাহা নিম্নোক্তভাবে সমন্বয়/আদায় হইয়াছে।

| তারিখ | প্রারম্ভিক ব্যালেন্স | আদায় | সমাপনি ব্যালেন্স | তারিখ |
|---|---|---|---|---|
| ৩০.০৬.২০১৯ | ৯৮,৬২,৬০২ | ৩০,৪৬,০৭০ | ৬৮,১৬,৫৩২ | ৩০.০৬.২০২০ |
| ৩০.০৬.২০২০ | ৬৮,১৬,৫৩২ | ২০,১৬,৯২০ | ৪৭,৯৯,৬১২ | ৩১.০৮.২০২০ |
| ৩১.০৮.২০২০ | ৪৭,৯৯,৬১২ | ২০,৭২,১৩৩ | ২৭,২৭,৪৭৯ | ২৮.০৬.২০২১ |
| ২৮.০৬.২০২১ | ২৭,২৭,৪৭৯ | ১৬,৪৪,৫৬৪ | ১০,৮২,৯১৫ | ১৪.০৮.২০২১ |

আপনার সদয় বিবেচনার জন্য জানাইতেছি যে, আমাদের ব্রোকারেজ হাউজের কয়েকজন সম্মানিত বিনিয়োগকারীকে ক্রেডিট সুবিধা প্রদান করা হইয়াছিল। যাহা অধিকাংশ বিনিয়োগকারীর মাসের সমাপ্তিতে তাদের হিসাবে জমা ব্যালেন্স থাকিত। পরবর্তীতে ২০১২ সাল থেকে ক্রমান্বয়ে সিকিউরিটিজ মার্কেট খারাপ হওয়ার কারনে ঐ সকল সম্মানিত বিনিয়োগকারী অত্যাধিক লোকসানের সম্মুখীন হইতে থাকেন এবং পরবর্তী ট্রেড কার্যক্রম পুরোপুরি বন্ধ করিয়া রাখিয়াছিলেন। আমরা বারবার টেলিফোনে তাগিদ দেওয়া স্বত্ত্বেও উক্ত নেগেটিভ ব্যালেন্স সমন্বয় করেন নাই। (তাগিদ এর চিঠি সংযুক্ত)

এহেন পরিস্থিতির উদ্ভব হওয়া সত্ত্বেও আমরা সার্বক্ষনিক সম্মানিত বিনিয়োগকারীগনের সাথে যোগাযোগ করিয়া আসিতেছিলাম এবং পরবর্তী সিকিউরিটিজ মার্কেটের লোকসান কিছুটা কমতে থাকিলে আমরা ক্যাশ ক্লায়েন্টের অধিকাংশ নেগেটিভ ব্যালেন্স সমন্বয় করিতে সমর্থ হইয়াছি।

আমরা এই মর্মে আশা প্রকাশ করিতেছি যে, শেয়ার মার্কেট বর্তমান স্থিতিশীল/উর্ধমুখী পরিস্থিতি থাকিলে আগামী ৩১.১২.২০২১ইং তারিখ এর মধ্যে সমুদয় নেগেটিভ ব্যালেন্স আদায় করিতে পারিব।

অতএব আপনার সমীপে আবেদন, এ অবস্থায় অনিচ্ছাকৃত ভুল/ত্রুটির জন্য মার্জনা প্রার্থনা করিতেছি।"

যেহেতু, উক্ত শুনানিতে Trustee Securities Limited কে গ্রাহকের নগদ হিসাবে ঘাটতি **৩০ সেপ্টেম্বর ২০২১ ইং** এর মধ্যে সমন্বয় করার নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু, Trustee Securities Limited গ্রাহকের নগদ হিসাবে ঘাটতি ৩০ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে সমন্বয় করতে ব্যর্থ হয়, যা সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতা বিধায় Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, তথা পুঁজিবাজারের উন্নয়নের পাশাপাশি বাজারের শৃংখলা ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে উক্ত স্টক ব্রোকার/স্টক ডিলার কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে Trustee Securities Limited এর উপর ০২ (দুই) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করলো যা অত্র আদেশের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে। গ্রাহকের নগদ হিসাবে ঘাটতি **আগামী ৩১ ডিসেম্বর ২০২১ ইং** এর মধ্যে সমন্বয় না করলে আরোপিত জরিমানা ০৫ (পাঁচ) লক্ষ টাকায় উন্নীত করা হবে। অন্যথায় কমিশন আইনানুগ ভাবে জরিমানা আদায়ের ব্যবস্থা গ্রহন করবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

মোঃ আব্দুল হালিম
কমিশনার

**বিতরণঃ**
Trustee Securities Limited
(DSE TREC No.162)
Room # 527, 9/E, Motijheel C/A
Dhaka-1000